

# ধান চাষে ডাই অ্যামোনিয়াম ফসফেট (ডিএপি) সারের ব্যবহার



ডিএপি



ডিএসপি



ইউরিয়া



## রচনা ও সম্পাদনায়

ড. মাসুদা আক্তার, এসএসও

ড. মোঃ রফিকুল ইসলাম, সিএসও এবং প্রধান

ড. মোঃ শাহজাহান কবীর, মহাপরিচালক, ব্রি

## প্রকাশনায়

মৃত্তিকা বিজ্ঞান বিভাগ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর- ১৭০১



## ফসফরাস সার ব্যবহারের প্রয়োজনীয়তা

ধান গাছের শিকড়ের যথাযথ বৃদ্ধি, কুশির সংখ্যা বাড়ানো, আগাম ফুল আসা এবং সময়মত ধান পাকার জন্য ফসফরাস একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পুষ্টি উপাদান। মাটিতে ফসফরাসের ঘাটতিজনিত কারণে ধান গাছের আয়ুষ্কাল দীর্ঘায়িত হয়, ফুল আসা এবং ধানের পরিপক্বতা বিলম্বিত হয় যার ফলে ধানের ফলন মারাত্মকভাবে হ্রাস পায় (শতকরা ৫০ ভাগ বা তার অধিক চিহ্ন ১)। এছাড়াও উচ্চফলনশীল ও হাইব্রিড জাতের ধান চাষ এবং শস্য নিবিড়তা বৃদ্ধির সাথে সাথে অপরিপক্ব ফসফরাস সার ব্যবস্থাপনা মাটিতে ফসফরাসের ঘাটতির জন্য দায়ী। সমগ্র বাংলাদেশকে ৩০ (ত্রিশ) টি কৃষি পরিবেশ অঞ্চলে বিভক্ত করা হয়েছে এবং সকল কৃষি পরিবেশ অঞ্চলের মাটিতে ফসফরাস সাধারণত অতিনিম্ন-নিম্ন-মধ্যম মাত্রায় বিদ্যমান থাকে। এ থেকে স্পষ্ট বুঝা যায় যে, বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলের মাটিতে বিদ্যমান ফসফরাসের মাত্রা অনুযায়ী সঠিক পরিমাণে ফসফরাস সার প্রয়োগ করা দরকার।

## টিএসপি সারের পরিবর্তে ডিএপি সার ব্যবহারের বাড়তি সুফল

যদিও বাংলাদেশের ধান চাষীগণ সাধারণত ফসফরাসের উৎস হিসেবে টিএসপি সার প্রয়োগ করে থাকেন, এটি শুধুমাত্র ফসফরাসের (শতকরা ২০ ভাগ) চাহিদা পূরণ করে। যেখানে তুলনামূলকভাবে দামে সস্তা ও সহজলভ্য সমপরিমাণ ডিএপি সার ফসফরাসের (শতকরা ২০ ভাগ) চাহিদা পূরণ করার পাশাপাশি অতিরিক্ত নাইট্রোজেন (শতকরা ১৮ ভাগ) সরবরাহ করে। এভাবে ব্যবহৃত প্রতি কেজি ডিএপি সার ৪০০ গ্রাম ইউরিয়া সার সাশ্রয় করে। একইভাবে ধান চাষে বিঘা প্রতি সুপারিশকৃত ১০ কেজি ডিএপি সার (বোরো, রোপা আউশ ও রোপা আমন

